# কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**ঋণ ও অগ্রিম বিভাগ**

E-mail : lad@karmasangsthanbank.gov.bd

**ঋণ পরিপত্র নম্বর-০২/২০১৮** তারিখ : ১০ মে ২০১৮

**বিষয় : কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণ নীতিমালা।**

কর্মসংস্থান ব্যাংকে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণকে নিত্য ব্যবহার্য ভোগ্যপণ্য ক্রয়,ব্যক্তিগত বাড়ী নির্মাণ এবং গৃহ মেরামতের লক্ষ্যে কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণ প্রদানের বিষয়টি ব্যাংক পরিচালনা বোর্ডের ২৩.০২.২০০৯ তারিখে অনুষ্ঠিত ১৩৮ তম সভার অনুমোদনক্রমে এ বিভাগের ০৮.০৩.২০০৯ তারিখের পরিপত্র নম্বর ০২/২০০৯-এর মাধ্যমে এতদসংক্রান্ত ঋণ নীতিমালা জারী করা হয়। অত:পর প্রয়োজনীয়তার নিরিখে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে ০৫.০৫.২০০৯ তারিখের সার্কুলার লেটার নম্বর-কেবি/প্রকা/ঋণ-০৭/২০০৮-২০০৯/৩১৯১(১১০), ২৪.০৬.২০১০ তারিখের সার্কুলার লেটার নম্বর-কেবি/প্রকা/ঋণ-০৭(০২)/২০০৯-১০/৩০৪০(১৫৪), ০৪.০৩.২০১৫ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০১/২০১৫, ২৯.০৩.২০১৬ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০২/২০১৬ এবং ০৬.০৬.২০১৬ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৬/২০১৬ এর মাধ্যমে উক্ত নীতিমালার কতিপয় অনুচ্ছেদ সংশোধন/পরিমার্জন/সংযোজন/প্রতিস্থাপন করা হয়।

০২। জাতীয় বেতন স্কেল, ২০১৫ কার্যকরের পর কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতা পূর্বের তুলনায় বৃদ্ধি পাওয়ায় তাদের ঋণ পরিশোধের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। তাছাড়াও কালাবর্তনে দ্রব্য ও নির্মাণসামগ্রীর মূল্য পূর্বের তুলনায় বৃদ্ধি পাওয়ায় কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণের সীমা ও পরিশোধের মেয়াদ পরিবর্তনের প্রস্তাব পরিচালনা বোর্ডের ২৪.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬০ তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক অনুমোদিত হয়।

০৩। এমতাবস্থায়, এতদবিষয়ে সমন্বিত নীতিমালা জারী করা হলো যা নিম্নরূপ :

০১। **ঋণ প্রাপ্তির যোগ্যতা**

(ক) কর্মসংস্থান ব্যাংকে কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারী হতে হবে ;

(খ) ন্যূনতম চাকুরীকাল ০৪ (চার) বছর হতে হবে ;

(গ) কোনো কর্মকর্তা/কর্মচারীর নামে শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা চালু থাকলে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন না।

০২। **ঋণের আবেদন**

ব্যাংকের নির্ধারিত ফরমে **(সংযুক্তি-১)** আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) সর্বশেষ বেতন বিবরণী ;

(খ) বেতন-ভাতা থেকে ঋণের কিস্তি কর্তনের ক্ষমতা অর্পণপত্র **(সংযুক্তি-২)** ;

(গ) অবসরকালীন পাওনা হতে এককালীন সমন্বয়ের ক্ষমতা অর্পণপত্র **(সংযুক্তি-৩)**। চাকুরীর মেয়াদ ০৭ (সাত) বছর কম থাকার ক্ষেত্রে প্রযোজ্য ;

(ঘ) জিম্মাদারিপত্র **(সংযুক্তি-৪)**।

০৩। **ঋণসীমা**

আবেদনকারী কর্মকর্তা-কর্মচারীর মূলবেতনের সর্বোচ্চ ২৪ গুণিতক সমপরিমাণ টাকা অথবা স্বল্পমূলবেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে মূল বেতনের সর্বোচ্চ ২৪ গুণিতক সমপরিমাণ বা ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত।

০৪। **ঋণ মঞ্জুরী**

(ক) অবসরকালীন প্রাপ্য আনুতোষিক ও বিদ্যমান অন্যান্য দায়-দেনা বিবেচনায় ঋণ মঞ্জুর করতে হবে ;

(খ) বর্ণিত ঋণসীমা এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে এ ঋণ ও অন্যান্য ঋণ/অগ্রিমের কিস্তি কর্তন করলে যেন "টেক হোম পে" মূল বেতনের ২০% অথবা এক পঞ্চমাংশের কম না হয়।

চলমান পাতা-০২

০৫। **ঋণ মঞ্জুরী ক্ষমতা**

| | | |
|---|---|---|
| (১) | ঋণ ও অগ্রিম বিভাগের দায়িত্বে নিয়োজিত উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক | প্রধান কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভাগীয় কার্যালয়ের প্রধান, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাসহ প্রধান শাখা'র ব্যবস্থাপক ; |
| (২) | উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় | বিভাগীয় কার্যালয়ের প্রধান ব্যতীত আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী ; |
| (৩) | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ব্যতীত আওতাধীন সকল কর্মকর্তা-কর্মচারী ; |
| (৪) | আঞ্চলিক ব্যবস্থাপক | আঞ্চলিক ব্যবস্থাপক ব্যতীত শাখা ব্যবস্থাপক ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ; |
| (৫) | শাখা ব্যবস্থাপক | শাখা ব্যবস্থাপক ব্যতীত শাখার কর্মকর্তা-কর্মচারী। |

০৬। **ঋণ বিতরণ পদ্ধতি**

আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নামে A/C Payee চেকের মাধ্যমে ঋণের টাকা প্রদান করতে হবে।

০৭। **ঋণের সুদের হার**

বার্ষিক ১০% (সরল সুদ)।

০৮। **ঋণ পরিশোধের মেয়াদ ও পদ্ধতি**

(ক) ঋণ পরিশোধের মেয়াদ ০৭ (সাত) বছর। যে মাসে ঋণ বিতরণ করা হবে তার পরবর্তী মাসের বেতন হতে ৮৩ টি মাসিক কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে ;

(খ) ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণের ক্ষেত্রে প্রতি কিস্তিতে আসল বাবদ ১,২০৫/- টাকা এবং আনুমানিক সুদ বাবদ ৪৩০/- টাকাসহ মোট ১,৬৩৫/- টাকা পরিশোধ করতে হবে। এভাবে কিস্তি পরিশোধের পরও পাওনা থাকলে সর্বশেষ কিস্তিতে সমুদয় পাওনা পরিশোধ করতে হবে। কেউ ইচ্ছা করলে মেয়াদের পূর্বেও ঋণ পরিশোধ করতে পারবেন ;

(গ) কোনো কর্মকর্তা/ কর্মচারীর চাকুরীর মেয়াদ ০৭ (সাত) বছরের কম হলে ঋণ পরিশোধের মেয়াদ ০৭ (সাত) বছর বিবেচনায় এনে মাসিক কিস্তি নির্ধারণ এবং সর্বশেষ কিস্তিতে অবসরকালীন পাওনা টাকা হতে অবশিষ্ট সমুদয় পাওনা এককালীন কর্তনপূর্বক সমন্বয়করণ। এক্ষেত্রে অবসরকালীন পাওনা টাকা হতে অবশিষ্ট সমুদয় পাওনা এককালীন কর্তন/সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে ক্ষমতা অর্পণপত্র **(সংযুক্তি-৩)** গ্রহণ করতে হবে।

০৯। কোনো কর্মকর্তা/কর্মচারীর বদলীজনিত কারণে সুদসহ ঋণের স্থিতি তার এলপিসি-তে উল্লেখপূর্বক পদায়নকৃত কর্মস্থলে স্থানান্তর করতে হবে। পৃথক ঋণ লেজার/রেজিস্টারে এ ঋণের হিসাব সংরক্ষণ করতে হবে।

১০। **ঋণ গ্রহণকারীর চাকুরীচ্যুতি/বরখাস্ত/মৃত্যুর ক্ষেত্রে ঋণ আদায়**

(ক) ঋণগ্রহীতার চাকুরীচ্যুতি/বরখাস্ত/মৃত্যুর ক্ষেত্রে অনাদায়ী ঋণ প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি হতে সমন্বয় করা যাবে মর্মে তার অপ্রত্যাহারযোগ্য ক্ষমতা অর্পণপত্র গ্রহণ ;

(খ) ঋণগ্রহীতার স্বামী/স্ত্রী/সাবালক সন্তানকে ঋণের জিম্মাদার/জামিনদার করা। ঋণগ্রহীতা অবিবাহিত হলে পরিবারের যে কোনো নির্ভরশীল ব্যক্তি জিম্মাদার/জামিনদার হতে পারবেন **(সংযুক্তি-৪)**।

১১। **ঋণের জামানত ও ডকুমেন্টস**

(ক) ডিপি নোট ;

(খ) ৩০০/- (তিনশত) টাকার (পরিবর্তনশীল) ননজুডিশিয়াল স্ট্যাম্পে/বিশেষ আঠালো স্ট্যাম্পযুক্ত গ্যারান্টিপত্র। আবেদনকারী কর্মকর্তার ক্ষেত্রে যে কোনো কর্মকর্তা এবং কর্মচারীর ক্ষেত্রে যে কোনো কর্মকর্তা/কর্মচারী ঋণের গ্যারান্টি প্রদান করতে পারবেন ;

(গ) লেটার অব হাইপোথিকেশন।

চলমান পাতা-০৩

১২। **অন্যান্য শর্ত**

(ক) ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত ক্রয়কৃত ভোগ্যপণ্য হস্তান্তর/বিক্রয়/ভাড়াপ্রদান করা যাবে না ;

(খ) সংশ্লিষ্ট সামগ্রীর লাইসেন্স/রেজিস্ট্রেশন খরচ (প্রযোজ্য ক্ষেত্রে) ঋণগ্রহীতাকে বহন করতে হবে;

(গ) ক্রয়কৃত সামগ্রীর মেরামত ও রক্ষণাবেক্ষণের যাবতীয় খরচ ঋণগ্রহীতাকে বহন করতে হবে;

(ঘ) সংশ্লিষ্ট সামগ্রী ধ্বংস বা মেরামতের অযোগ্য হলে ব্যাংকের সমুদয় পাওনা সুদসহ অনতিবিলম্বে পরিশোধ করতে হবে ;

(ঙ) সুদের হার পরিবর্তনজনিত কারণে কিস্তি পরিশোধের পর ঋণের অনাদায়ী পাওনা থাকলে শেষ কিস্তিতে পরিশোধ করতে হবে।

১৩। **ঋণ মঞ্জুরীপত্র**

ঋণের বিপরীতে দুই প্রস্থ মঞ্জুরীপত্র ইস্যু করতে হবে এবং মঞ্জুরীপত্রের ডুপ্লিকেট কপিতে ঋণগ্রহীতা কর্তৃক সকল শর্ত গৃহীত হয়েছে মর্মে সম্মতিসূচক স্বাক্ষর গ্রহণপূর্বক ঋণনথিতে সংরক্ষণ করতে হবে।

১৪। **ঋণের আবেদনপত্র জমাদান**

(ক) শাখার কর্মকর্তা/কর্মচারীগণের ঋণের আবেদনপত্র স্ব স্ব শাখায় জমা দিতে হবে ;

(খ) আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের ঋণের আবেদনপত্র বেতন-ভাতা প্রদানকারী সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ;

(গ) প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের ঋণের আবেদনপত্র প্রধান শাখা, ঢাকায় জমা দিতে হবে।

৪। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। এ নীতিমালা জারীর পর ইত:পূর্বে জারীকৃত এতদসংক্রান্ত নীতিমালা অকার্যকর বলে গণ্য হবে।

অনুমোদনক্রমে-

১০/০৫/২০১৮

(গৌতম সাহা)
উপ-মহাব্যবস্থাপক
☎: ০২-৯৫৭১৭৭৯

সূত্র নম্বর : কেবি/প্রকা/ঋঅবি-০৭(০২)/২০১৭-২০১৮/১০৭৮(৩০৪) তারিখ : ১০ মে ২০১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :**

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপ-মহাব্যবস্থাপক মহোদয়কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
০৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
০৮। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
১০। অফিস নথি।

১০.০৫.২০১৮

(মো: মশিউর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

# কর্মসংস্থান ব্যাংক

............ শাখা, ...........

ঋণ কেস নম্বর :

ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক
............ শাখা, ..........।

বিষয় : কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণের আওতায় ঋণ গ্রহণের আবেদন।

প্রিয় মহোদয়,

কর্মসংস্থান ব্যাংকের কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণের আওতায় আমি নিম্নস্বাক্ষরকারী ঋণ গ্রহণ করতে ইচ্ছুক। প্রয়োজনীয় তথ্য নিম্নে পেশ করলাম :

০১। আবেদনকারীর নাম ক) বাংলায় :
খ) ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) :
০২। পিতার নাম :
০৩। মাতার নাম :
০৪। স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
০৫। জাতীয় পরিচয়পত্র নম্বর :
০৬। জন্ম তারিখ :
০৭। মোবাইল নম্বর :
০৮। স্থায়ী ঠিকানা :
০৯। বর্তমান কর্মস্থলের ঠিকানা :
১০। চাকুরীতে যোগদানের তারিখ :
১১। বর্তমান পদবী :
১২। বর্তমান মূল বেতন :
১৩। জি.পি.এফ ইনডেক্স নম্বর :
১৪। ঋণের উদ্দেশ্য :
১৫। পূর্ববর্তী ঋণ সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) : ক) ঋণ গ্রহণের তারিখ :
খ) গ্রহণকৃত ঋণের পরিমাণ :
গ) সুদাসলে সমুদয় ঋণ পরিশোধের তারিখ ;
১৬। আবেদনকৃত ঋণের পরিমাণ :
১৭। এ ব্যাংক হতে গৃহীত অন্যান্য ঋণ সম্পর্কিত তথ্য (যদি থাকে) :

(পূর্ণ টাকায়)

| ঋণের খাত | ঋণের পরিমাণ | মাসিক কিস্তি | বর্তমান স্থিতি |
|---|---|---|---|
| ক) গৃহ নির্মাণ ঋণ | | | |
| খ) মটর সাইকেল ঋণ | | | |
| গ) সা.ভ.ত. অগ্রিম | | | |
| ঘ) কম্পিউটার/ল্যাপটপ ক্রয় ঋণ | | | |

অতএব, আমার অনুকূলে কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণের আওতায় টা: ...................../- মাত্র ঋণ মঞ্জুর করে বাধিত করবেন। উল্লেখ্য, ঋণ গ্রহণের ক্ষেত্রে মঞ্জুরীপত্রের সকল শর্ত পরিপালনে বাধ্য থাকব।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর, পূর্ণ নাম ও তারিখ

সংযুক্তি :
ক) সর্বশেষ বেতন বিবরণী ;
খ) ক্ষমতা অর্পণপত্র ;
গ) অবসরকালীন পাওনা হতে এককালীন সমন্বয়ের ক্ষমতা অর্পণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
ঘ) জিম্মাদারিপত্র।

ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক
............... শাখা
.....................।

সংযুক্তি-২

বিষয় : ক্ষমতা অর্পণপত্র।

আমার আবেদনের প্রেক্ষিতে আমার অনুকূলে কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণের আওতায় .................... তারিখে মঞ্জুরীকৃত ঋণ টা: ........................../- (কথায়..............................................................................) মাত্র পরিশোধের নিমিত্তে মাসিক কিস্তি বাবদ আসল............................................ সুদ........................................... মোট টা: ........................................ (কথায় ........................................................................) মাত্র ঋণ আমার প্রাপ্য মাসিক বেতন-ভাতা হতে কর্তন করার ক্ষমতা অর্পণ করলাম। উল্লেখ্য, ঋণ গ্রহণের পর অনাদায়ী থাকা অবস্থায় মৃত্যু/চাকুরীচ্যুত/বরখাস্ত হলে উক্ত ঋণ পরিশোধের নিমিত্তে আমার প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি হতে কর্তন করে ঋণ হিসাবে জমা করার ক্ষমতাও অর্পণ করলাম।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
পূর্ণ নাম :

সাক্ষী

০১। স্বাক্ষর :
পূর্ণ নাম :
তারিখ :
ঠিকানা :

০২। স্বাক্ষর :
পূর্ণ নাম :
তারিখ :
ঠিকানা :

**ব্যবস্থাপক**
কর্মসংস্থান ব্যাংক
.............শাখা
.................।

**বিষয় : অবসরকালীন পাওনা হতে এককালীন সমন্বয়ের ক্ষমতা অর্পণপত্র।**
**(চাকুরীর মেয়াদ ০৭ বছরের কম থাকার ক্ষেত্রে প্রযোজ্য)**

আমার আবেদনের পরিপ্রেক্ষিতে আমার অনুকূলে কনজুমারস্ ক্রেডিট স্কীম/ব্যক্তিগত (পারসোনাল) ঋণের আওতায় ..................... তারিখে মঞ্জুরীকৃত ঋণ টা: ........................ (কথায় : ........................................) মাত্র পরিশোধের নিমিত্তে মাসিক কিস্তি বাবদ আসল ..................... সুদ ..................... মোট টা: ..................... (কথায় : ..................................) মাত্র আমার প্রাপ্য মাসিক বেতন-ভাতা হতে কর্তন করার এবং অবশিষ্ট সমুদয় টাকা অবসরকালীন পাওনা হতে সর্বশেষ কিস্তিতে এককালীন কর্তন করে ঋণ হিসাব সমন্বয় করার ক্ষমতা অর্পণ করলাম। উল্লেখ্য, ঋণ গ্রহণের পর অনাদায়ী থাকা অবস্থায় চাকুরীচ্যুত/ বরখাস্ত/মৃত্যু হলে উক্ত ঋণ পরিশোধের নিমিত্তে আমার প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি হতে কর্তন করে ঋণ হিসাবে জমা করার ক্ষমতাও অর্পণ করলাম।

আপনার বিশ্বস্ত

**সাক্ষী**

০১। স্বাক্ষর
পূর্ণ নাম :
পদবী :
সাভত সূচক নম্বর :
কর্মস্থল :

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
পূর্ণ নাম :
পদবী :
সাভত সূচক নম্বর :
কর্মস্থল :

০২। স্বাক্ষর
পূর্ণ নাম :
পদবী :
সাভত সূচক নম্বর :
কর্মস্থল :

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রতিস্বাক্ষর
(সীলমোহর ও তারিখসহ)

# জিম্মাদারিপত্র

আমি ............................................................................, পিতা- ..............................................................,

স্বামী/স্ত্রী- ............................................................., ঠিকানা-...................................................................

.................................................................................. এই মর্মে অঙ্গীকার করছি যে, কর্মসংস্থান ব্যাংক ...................

শাখা হতে আমার স্বামী/স্ত্রী/পিতা/ভাই/বোন/................... জনাব .................................................................,

পিতা-............................................................., স্বামী/স্ত্রী-............................................................,

ঠিকানা- ..........................................................................................-এর কনজুমারস ক্রেডিট স্কীম/ব্যক্তিগত

(পারসোনাল) ঋণের আওতায় টা: ........................ (কথায় : .......................................................................)

মাত্র ঋণের জন্য আমি জিম্মাদার/জামিনদার হতে রাজি আছি। ঋণগ্রহীতা ঋণের টাকা পরিশোধে ব্যর্থ হলে ব্যাংকের চাহিবামাত্র জিম্মাদার/জামিনদার হিসেবে ঋণের দায় পরিশোধে আমার দায়বদ্ধতা সম্পর্কে সচেতন ও অবহিত হয়ে স্বজ্ঞানে ও স্বেচ্ছায় এই অপ্রত্যাহারযোগ্য জিম্মাদারিপত্রে স্বাক্ষর করলাম।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর ও তারিখ

পূর্ণ নাম :

পিতার নাম :

স্বামী/স্ত্রীর নাম :

ঠিকানা :

টেলিফোন/মোবাইল নম্বর :